

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/1/2019

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো সাময়িক ছুটিপ্রাপ্ত ফেডারেল কর্মীদের জন্য স্টেটের আয়কর
পরিশোধের সময় 90-দিন বৃদ্ধি করলেন

*এটি বেকার বীমা ও অন্যান্য সহায়তা খুঁজতে থাকা কর্মীদের জন্য সুবিধা সম্প্রসারণ করে স্টেটের
শ্রম অধিদপ্তর (Department of Labor, DOL) ও অস্থায়ী ও প্রতিবন্ধী সহায়তা অফিসকে
(Office of Temporary and Disability Assistance, OTDA) প্রদত্ত গভর্নরের নির্দেশের
অনুসারী*

*এছাড়াও সরকারের অচলাবস্থা দ্বারা প্রভাবিত ফেডারেল কর্মীদের জন্য স্থানীয় সম্পদ কর
প্রদানের শেষ তারিখ 90 দিন বৃদ্ধি করে বিধান স্বাক্ষর করলেন*

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজকে নিউ ইয়র্ক স্টেটের কর ও আর্থিক অধিদপ্তরকে (New York State Department of Taxation and Finance) সাময়িক ছুটিপ্রাপ্ত ফেডারেল বিলম্বিত পরিশোধের জরিমানা মওকুফ করে দিতে এবং 15 এপ্রিল আয়কর রিটার্ন জমা দেওয়ার শেষ তারিখের পর 90 দিন পর্যন্ত সংগ্রহ কার্যক্রম স্থগিত রাখতে নির্দেশ দিলেন। এছাড়াও গভর্নর স্টেটের শ্রম অধিদপ্তরকে [নির্দেশ দিয়েছেন](#) বেকার বীমা সুবিধা খোঁজা কর্মীদের জন্য সহায়তা স্বরাশ্রিত এবং বৃদ্ধি করতে, এবং স্টেটের অস্থায়ী ও প্রতিবন্ধী সহায়তা অফিসকে নির্দেশ দিয়েছেন বাড়িভাড়া, মুদি সামগ্রী, এবং ইউটিলিটির জন্য সাময়িক ছুটিপ্রাপ্ত কর্মীদের জন্য পাবলিক অ্যাসিস্টেন্স সুবিধা প্রদান করতে। পাশাপাশি, সরকারের অচলাবস্থার ফলে প্রভাবিত কর্মীদের জন্য স্থানীয় সম্পদ কর পরিশোধের শেষ সময় বৃদ্ধি করতে স্থানীয় সরকারকে অনুমোদন দিয়ে গভর্নর একটি বিধান স্বাক্ষর করেন।

"যখন ফেডারেল প্রশাসন হাজার হাজার কর্মীর জীবিকা নিয়ে রাজনীতির চাল চলেছে, নিউ ইয়র্ক স্টেট আরেকবার কর্মজীবী পরিবারগুলিকে সাহায্য করতে অগ্রসর হয়েছে", **গভর্নর কুওমো বলেন।** "অনেক নিউ ইয়র্কবাসীরই বছরের প্রথম কয়েক মাসে পরিশোধের জন্য স্টেট ও স্থানীয় কর বিল বা কিস্তি পরিশোধ করতে হয়, এবং আজকে আমরা যেই পদক্ষেপগুলি নিচ্ছি তা ফেডারেল অচলাবস্থার জন্য যেসব ফেডারেল কর্মীদের বাধ্য হয় বেতন হারাতে হয়েছে তাদের জন্য অতি প্রয়োজনীয় পরিত্রাণ দান করবে। আমরা সর্বদা পরিশ্রমী নারী পুরুষের পাশে থাকবো এবং আমাদের মানুষের উপর ওয়াশিংটনের আক্রমণ রুখে দাঁড়াতে আমাদের সম্ভাব্য সব কিছু করতে থাকবো।"

গভর্নর কুওমোর নেতৃত্বের অধীনে, নিউ ইয়র্ক স্টেট নিউ ইয়র্কবাসীকে সাহায্য করতে এবং ফেডারেল অচলাবস্থার প্রভাব প্রশমিত করতে বহু পদক্ষেপ নিয়েছে। 22 জানুয়ারি, গভর্নর ফেডারেল কর্মবন্ধের কারণে প্রভাবিত ছাত্রদের কলেজ সম্পর্কিত খরচ নিয়ে সহায়তা করতে গভর্নর কুওমো স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (State University Of New York, SUNY) এবং সিটি ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (City

University Of New York, CUNY) কে [নির্দেশ](#) দিয়েছেন। এই নির্দেশের অধীনে, SUNY ও নিউ ইয়র্ক সিটি বিশ্ববিদ্যালয় CUNY ফেডারেল কর্মী, ফেডারেল কর্মীর উপর নির্ভরশীল এবং ফেডারেল সরকারের কাছ থেকে ঋণ পাওয়া শিক্ষার্থীদের জন্য টিউশন ফি ও অন্যান্য সম্পর্কিত ব্যয় মূলতবি রেখেছে, এবং বিলম্বিত ফিস ও জরিমানা মওকুফ করে দিয়েছে। পাশাপাশি, স্কুলে খাবারের জন্য ফেডারেল কর্মসূচির উপর নির্ভরশীল K-12 শিক্ষার্থীরা যাতে অচলাবস্থার সময় ক্ষুধার্ত না থাকে এটি নিশ্চিত করতে, প্রভাবিত শিক্ষার্থীদের "কোনো শিক্ষার্থী ক্ষুধার্ত থাকবে না" (No Student Goes Hungry) কর্মসূচির মাধ্যমে স্কুলে বিনামূল্যে খাবার প্রদান করতে গভর্নর স্টেটের শিক্ষা অধিদপ্তরকে (State Education Department) [আহ্বান](#) জানান।

আজকের স্বাক্ষরিত বিধান অনুযায়ী, সম্পদ কর সংগ্রহের জন্য দায়িত্বপ্রাপ্ত স্থানীয় সরকার এবং স্কুল জেলাসমূহ সাময়িক ছুটিপ্রাপ্ত বা মনোনীত অবেতন ফেডারেল কর্মী, বা তাদের স্বামী বা স্ত্রী বা আবাসিক অংশীদারদের অপরিশোধিত অর্থ পরিশোধ করার জন্য শেষ তারিখ 90-দিন বৃদ্ধি অনুমোদন করতে পারবে, যার কারণে ফেডারেল সরকারের বিবেচনা বোধের অভাব। এই 90-দিন বৃদ্ধি শুরু হবে যখন ফেডারেল সরকারের বিবেচনা বোধের অভাব শেষ হবে, এবং এই সম্প্রসারিত সময়ে অপরিশোধিত করার জন্য কোনো সুদ বা জরিমানা যুক্ত হবে না।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসারস্বাহিব করুন](#)